দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 SEP 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

# জাতিসংঘ বিশ্ববিদ্যালয়

জাতিসংঘ বিশ্ববিদ্যালয়, জাতিসংঘের ক্ষুদ্রতম অঙ্গ সংস্থাগুলোর একটি। বিশ্বব্যাপী প্রায় দেড় শ' নিয়মিত স্টাফ ও আরও প্রায় দু'শতাধিক গবেষক নিয়ে এর অবকাঠামো। জাতিসংঘ বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয়ের অবস্থান জাপানের রাজধানী টোকিওতে।

১৯৭৫ সালের ডিসেম্বর মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনে জাতিসংঘ বিশ্ববিদ্যালয় চার্টার অনুমোদিত হয়। তখন থেকেই এর যাত্রা শুরু।

বহু বিষয়ভিত্তিক এই বিশ্ববিদ্যালয়ের সাথে অন্যান্য সাধারণ বিশ্ববিদ্যালয়ের পার্থক্য অনেক। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো এই বিশ্ববিদ্যালয়ে কোন আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রাম নেই। সবই পোস্ট গ্রাজুয়েট পর্যায়ের উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণ কর্মসূচী।

বিশ্বের ক্ষুধা হ্রাস, প্রাকৃতিক সম্পদের ব্যবহার, উন্নয়ন, ব্যক্তিগত ও সামাজিক উন্নয়ন এর প্রধান লক্ষ্য।

২৮টি সহযোগী প্রতিষ্ঠান ও ১১২টি গবেষণা ইউনিট নিয়ে ৬০টিরও বেশি দেশে এর কর্মসূচী বিস্তৃত। এর কর্মসূচীর মধ্যে আছে গবেষণা, উচ্চতর প্রশিক্ষণ এবং জ্ঞান বিতরণ ও প্রযুক্তি হস্তান্তর।

বিশ্বের বিভিন্ন স্থানে বেশ কয়েকটি কেন্দ্র এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সহযোগিতামূলক কর্মসূচীর মাধ্যমে জাতিসংঘ বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ড পরিচালিত হয়।

বিশ্বের বিভিন্ন স্থানে অবস্থিত কেন্দ্রগুলো হচ্ছে;

১) Institute for Natural Resources in Africa :
এই কেন্দ্রের অবস্থান লেগনে মানা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের অভ্যন্তরে। আফ্রিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণ কর্মসূচী রয়েছে এখানে।

২) World Institute for Development Economics :
হেলসিঙ্কিতে অবস্থিত এই প্রতিষ্ঠান উন্নয়ন অর্থনীতির বিভিন্ন বিষয় গবেষণা এবং পোস্ট গ্রাজুয়েট ট্রেনিং ও কোর্স পরিচালনা করে। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা সংস্থার সাথে এর সহযোগিতা কর্মসূচী রয়েছে।

৩) Institute of Advanced studies :
এটি প্রধান দফতরের ভবন সংলগ্ন। এই প্রতিষ্ঠান উচ্চতর গবেষণা ও শিক্ষায় নিয়োজিত।

৪) UNU International Institute for software Technology :
ম্যাকাও-এ অবস্থিত এই প্রতিষ্ঠান উন্নয়নশীল বিশ্বে নিজেদের সফটওয়্যার উন্নয়নে ও উন্নয়নশীল বিশ্বের সফটওয়্যার রফতানিতে সহযোগিতা করে থাকে।

আজ পর্যন্ত অনুষ্ঠিত জাতিসংঘ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণা কর্মসূচী, পোস্ট গ্রাজুয়েট কোর্স ট্রেনিং, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি কর্মসূচীর মাধ্যমে বেশ কয়েক হাজার গবেষক ও ফেলো পেশাগত দক্ষতা বৃদ্ধির সুযোগ পেয়েছেন।

এই বিশ্ববিদ্যালয়ের অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলো হচ্ছে— খাদ্য ও পুষ্টি, জিওথার্মাল এনার্জি, রিমোট সেন্সিং বায়োটেকনোলজি ও মাইক্রো ইনফরমেটিক্স।

এই বিশ্ববিদ্যালয়ের নিয়মিত পাঁচটি জার্নাল ছাড়াও বিভিন্ন গবেষণা রিপোর্টও প্রকাশ করা হয়। এছাড়াও প্রায় চার শতাধিক বই প্রকাশিত হয়েছে এই বিশ্ববিদ্যালয় থেকে।

উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণে আগ্রহীরা এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সম্পর্কে আরও অধিক জানতে আগ্রহী হবেন। তাঁদের জন্য এই বিশ্ববিদ্যালয়ের ঠিকানা দেয়া হলো ঃ

United Nations University
Toho Seimei Building
15-1 Shibuya 2-chome,
Siebuya-ku
Tokyo 150
Japan.

এবং উন্নয়ন অর্থনীতি সংস্থার ই মেইল ঠিকানা হচ্ছে,
Wider @ Wider-unu-edu.

যারা ইন্টারনেটে এর সন্ধান পেতে চান, তাঁদের জন্য
ঠিকানা ঃ ।। http : www. wider. unu. edu.

—নাদিম আহমেদ